JUL 1 0 2002

তারিখ ... পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

ভোরের কাগজ

# ১৩ জুলাই ঢা.বি, ১৪ জুলাই সারা দেশে ছাত্র ধর্মঘট ডেকেছে ছাত্রলীগ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে ছাত্রলীগ। কেন্দ্রীয় কমিটির সভাপতি লিয়াকত শিকদার, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু, সহসভাপতি রফিকুল ইসলাম কোতয়ালসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দের মুক্তির দাবিতে ছাত্রলীগ ১৩ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় ও ১৪ জুলাই দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে এই ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে।

ঢাকা রিপোর্টার্স ইউনিটি কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে গতকাল বিকালে ঐ কর্মসূচি ঘোষণা করা হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি মারফা আক্তার পপি। লিখিত বক্তব্যে বলা হয় 'মামলা-সন্ত্রাস' চালিয়ে ছাত্রলীগের সভাপতি, সাধারণ সম্পাদকসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দকে দিনের পর দিন জেলে আটকে রাখা হয়েছে। সবগুলো মামলায় আইনি লড়াইয়ে জিতে গত ২ জুলাই লিয়াকত শিকদার, নজরুল ইসলাম বাবু, রফিকুল ইসলাম কোতয়াল ● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৩

## ১৩ জুলাই ঢা.বি, ১৪ জুলাই সারা দেশে

● প্রথম পাতার পর

হাইকোর্ট থেকে জামিন পাওয়ার পর তাদেরকে মুক্তি না দিয়ে অন্য একটি হত্যা মামলায় 'শোন এ্যারেস্ট' দেখানো হয়। সংবাদ সম্মেলনে বলা হয়, হাইকোর্টের আদেশকে অকার্যকর করার জন্য গত রোববার ডেমরা থানার টোকাই সেন্টু হত্যা মামলায় এই তিন নেতাকে গ্রেপ্তার দেখিয়ে দ্বিতীয়বারের মতো হাইকোর্টকে অবজ্ঞা করলো সরকার।

প্রসঙ্গত, প্রতিটি আদেশে হাইকোর্ট অন্য কোনো মামলায় যুক্ত না থাকলে তাদেরকে মুক্তির আদেশ দিয়েছেন। আর এ আদেশ দেওয়ার সময় তাদের নামে কোনো মামলা ছিল না। সংবাদ সম্মেলনে বলা হয়, এভাবেই দেশের বৃহত্তম ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে বেআইনি, অমানবিক ও বর্বর আচরণ অব্যাহত রেখেছে জোট সরকার। এমনকি কারাগারে সংসদীয় প্রতিনিধিদল এবং তাদের আত্মীয় পরিজনের সঙ্গে দেখা পর্যন্ত করতে দেয়নি সরকার।

লিখিত বক্তব্যে বলা হয়, বারবার আইনি লড়াই ও ন্যায়ের সংগ্রামে জিতেও ছাত্রলীগের ওপর সরকারের নির্যাতন কমছে না। সরকারের বেআইনি, অমানবিক ও বর্বর আচরণের বিরুদ্ধে ছাত্রলীগ কঠোর আন্দোলন গড়ে তুলবে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

সংবাদ সম্মেলনে বলা হয়, হাইকোর্টের আদেশ অবিলম্বে বাস্তবায়ন করে সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদকসহ কেন্দ্রীয় নেতাদের মুক্তি না দিলে এবং মিথ্যা মামলা অব্যাহত থাকলে পরবর্তী সময়ে লাগাতার ছাত্র ধর্মঘটসহ কঠোর কর্মসূচি দেওয়া হবে।

সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শিখর, সহসভাপতি বলরাম পোদ্দার, ইকবাল হোসেন ভূইয়া, যুগ্ম সাধারণ সম্পাদক খান মঈনুল ইসলাম মোস্তাক, সীমান্ত তালুকদার, পনিরুজ্জামান তরুণ, সাংগঠনিক সম্পাদক জাকির হোসেন মারুফ, অলক বণিক, খলিলুর রহমান, সোহেল হাজারী, নাজমুল হাসান তুহিন, গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক এ এইচ এম মাসুদ দুলাল, আন্তর্জাতিক সম্পাদক সালাউদ্দিন মাহমুদ চৌধুরী, দপ্তর সম্পাদক কামরুর হাসান খোকন, ক্রীড়া সম্পাদক শাহজাহান শিশির, ঢাবির নবনির্বাচিত সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক হেমায়েত উদ্দিন হিমু, সাংগঠনিক সম্পাদক দেবাশীষ রায়, মুক্তারুল হোসেন মিল্টন প্রমুখ।